জে এস সি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

সময় — ২ ঘণ্টা; পূর্ণমান — ২৫+২৫=৫০

সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন

মান — ২৫

[দ্রষ্টব্য : যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ৫ ।]

১. ব্রডকাস্ট পদ্ধতি বলতে কী বোঝ?
২. প্রটোকল বলতে কী বোঝ?
৩. চিত্রসহ ট্রি টপোলজি বুঝিয়ে বলো।
৪. কম্পিউটার ভাইরাস কত প্রকার ও কী কী? বর্ণনা কর।
৫. ক্ষতিকারক সফটওয়্যার সম্পর্কে লেখ।
৬. ফর্মুলা কাকে বলে?
৭. স্প্রেডশিট ব্যবহারের কৌশল বর্ণনা করো।
৮. সামাজিক নেটওয়ার্ক বলতে কী বোঝ?

বহুনির্বাচনি অভীক্ষা

মান — ২৫

[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক চিহ্ন (✓) দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. নেটওয়ার্কের একটি কম্পিউটার নষ্ট হলে কোন টপোলজিতে নেটওয়ার্ক পুরো নষ্ট হয় না?
ক রিং খ স্টার
গ মেশ ঘ হাইব্রিড

২. যে ক্লায়েন্ট সার্ভার থেকে রিসোর্স ব্যবহার করে তাকে কী বলে?
ক অ্যাডমিনিস্ট্রেটর খ ইউজার
গ রিসোর্সার ঘ প্রোটোকল

৩. নিচের চিত্রটি কোন টপোলজির?

ক স্টার খ রিং
গ ট্রি ঘ মেশ

নিচের অংশটুকু পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও:
আনান এবার JSC পরীক্ষায় অংশগ্রহণ করেছে। সে হঠাৎ করে মোবাইল ফোনে তার বন্ধুর কাছ থেকে শুনতে পেল আজ তার পরীক্ষার রেজাল্ট বের হয়েছে।

৪. আনান তার রেজাল্ট পেতে পারে—
i. মোবাইল ফোনের মাধ্যমে
ii. ইন্টারনেটের মাধ্যমে
iii. টেলিফোনের মাধ্যমে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৫. এ প্রযুক্তি ব্যবহারের সুবিধা—
i. অর্থ সাশ্রয়
ii. ঘরে বসে রেজাল্ট পাওয়া
iii. শ্রম লাঘব
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৬. www.elanec.com ওয়েবসাইটটি কোন উদ্দেশ্যে তৈরি করা হয়?
ক সোসাল নেটওয়ার্কিং খ আউটসোর্সিং
গ চ্যাটিং ঘ ডাউনলোডিং

৭. মুক্তিযুদ্ধ চলাকালে ১৯৭১ সালে যোগাযোগের একটি গুরুত্বপূর্ণ মাধ্যম ছিল কোনটি?
ক টেলিভিশন খ মোবাইল
গ ইন্টারনেট ঘ রেডিও

৮. কর্মসৃজন ও কর্মপ্রত্যাশীদের কাজের সুযোগ প্রাপ্তিতে বড় ধরনের ভূমিকায় রয়েছে —
i. তথ্যপ্রযুক্তি ii. ইন্টারনেট
iii. মোবাইল ফোন
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৯. স্টার টপোলজির বৈশিষ্ট্য —
i. একটি মাত্র কেন্দ্রীয় হাব থাকে
ii. কম্পিউটারগুলো স্টারের মতোই সাজাতে হবে
iii. কেন্দ্রীয় হাব নষ্ট হলে পুরো নেটওয়ার্ক নষ্ট হয়ে যায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১০. মেশ টপোলজিতে কম্পিউটারগুলো—
i. অন্য কম্পিউটার থেকে তথ্য নেয়
ii. অন্য কম্পিউটারের মাঝে তথ্য বিতরণ করে
iii. এখানে শুধুমাত্র তথ্য জমা থাকে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১১. অপারেটিং সিস্টেম কী?
ক এক ধরনের প্রোগ্রাম
খ এক ধরনের হার্ডওয়ার
গ একটি ব্রাউজার
ঘ এক ধরনের মোবাইল

১২. ওরাকল কী ধরনের সফটওয়্যার?
ক মাল্টিমিডিয়া খ ডেটাবেজ
গ অফিস ঘ এক্সেল

১৩. বিশ্বের প্রথম ইন্টারনেট ওয়ার্মের নাম কী?
ক মরিসওয়ার্ম খ ট্রোজোন হর্স
গ পাপ্প ঘ ব্রেইন

১৪. ব্রাউজার সফটওয়্যার হলো—
i. ইন্টারনেট এক্সপ্লোরার
ii. মজিলা ফায়ারফক্স
iii. গুগলক্রম
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৫. ওয়ার্ম ছড়িয়ে পড়তে পারে —
i. নেটওয়ার্কের মাধ্যমে
ii. পেনড্রাইভের মাধ্যমে
iii. কম্পিউটারের মাধ্যমে
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৬. এক্সেল উইন্ডোর উপরের বামদিকের কোনায় থাকে কোনটি?
ক টাইটেল বার খ অফিস বাটন
গ স্ট্যাটাস বার ঘ শিট ট্যাব

১৭. স্লিপ স্লিপ পদ্ধতিতে ওয়ার্কশিট দেখার অপশন রয়েছে কোথায়?
ক রিবনে খ অ্যাড্রেস বারে
গ টাইটেল বারে ঘ স্ট্যাটাস বারে

১৮. আরিফ নতুন ওয়ার্কশিট খোলার জন্য কোন পদ্ধতি অনুসরণ করবে?
ক অফিস বাটন → নিউ বাটন
খ ইনসার্ট → নিউ বাটন
গ অফিস বাটন → ওপেন বাটন
ঘ স্ট্যাটাস বার → নিউ বাটন

১৯. অফিস বাটনের সাহায্যে করা যায়—
i. ওয়ার্কবুক খোলা
ii. ওয়ার্কবুক সংরক্ষণ করা
iii. কোনো কাজকে বাতিল করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২০. নতুন ওয়ার্কশিট খোলার পদ্ধতি হলো—
i. Ctrl + V
ii. অফিস বাটন → নিউ
iii. Ctrl + N
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২১. বর্তমানে NCTB বই তৈরিতে কোনটির ব্যাপক সাহায্য নেওয়া হয়?
ক রেডিও খ মোবাইল ফোন
গ ইন্টারনেট ঘ টেলিফোন

২২. শিক্ষাব্যবস্থা পরিচালনা করা ছাড়াও সরাসরি শিক্ষার ব্যাপারে ভূমিকা রয়েছে কোনটির?
ক কম্পিউটার খ ইন্টারনেট
গ মোবাইল ফোন ঘ টেলিফোন

২৩. পিপীলিকাতে তথ্য খোঁজার জন্যে লিখতে হয়—
i. বাংলা ভাষাতে ii. ইংরেজি ভাষাতে
iii. চাইনিজ ভাষাতে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

অনুচ্ছেদটি পড়ে ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও
ইউনিলিভার কোম্পানিতে এক মাস আগেও কর্মীদের উপস্থিতির সময়কাল, তাদের বেতন ইত্যাদি হিসাবকর্মীর মাধ্যমে করা হতো। কিন্তু বর্তমানে স্বয়ংক্রিয় যন্ত্র, বেতনভাতাদি হিসাবের সফটওয়্যার ইত্যাদি ব্যবহারের মাধ্যমে কোম্পানিটি স্বল্প কর্মী দিয়ে কাজ সম্পন্ন করতে পারছে।

২৪. কোম্পানিতে স্বল্প কর্মী দিয়ে কাজ সম্পন্ন করার জন্য যা ব্যবহার করা হয়েছে তা হলো —
i. স্বয়ংক্রিয় যন্ত্র
ii. বেতন-ভাতাদি হিসাবের সফটওয়্যার
iii. এন্টিভাইরাস সফটওয়্যার
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৫. স্বল্প কর্মীতে কাজ সম্পন্ন করার জন্য উক্ত কোম্পানিতে কী ব্যবহার করা হয়েছে?
ক এন্টিভাইরাস সফটওয়্যার
খ তথ্যপ্রযুক্তি
গ ইন্টারঅ্যাক্টিভ ভয়েস প্রযুক্তি
ঘ রোবট

উত্তরমালা																																					
	১	ঘ	২	ঘ	৩	ক	৪	ক	৫	খ	৬	খ	৭	খ	৮	ক	৯	খ	১০	ক	১১	ক	১২	খ	১৩	ক	১৪	ঘ	১৫	ক	১৬	খ	১৭	ঘ	১৮	ক	১৯	ক	২০	গ
	২১	গ	২২	খ	২৩	ক	২৪	ক	২৫	খ																														